

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অর্থ পরিদপ্তর

ওয়াপদা ভবন, মতিবিল, ঢাকা।

e-mail:bwdbfac@gmail.com & Fax:7110267

নং-পাউবো (অর্থ) রাবাত/১৭৩

তারিখঃ- ২৮-১২-২০১৬খ্রীঃ

অনুন্নয়ন রাজস্ব বাজেট সার্কুলার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং পাসম-১(প্রঃ)/বিবিধ-২০/৯৮-৫৯২ তাং ২৪-০৯-৯৯ খ্রীঃ মারফত অনুমোদিত ও জারীকৃত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পুনর্গঠিত সাংগঠনিক ও জনবল কাঠামো অনুসারে অত্র বোর্ডের অধীন দপ্তর/পরিদপ্তর/বিভাগসমূহের ২০১৬-২০১৭ সালের সংশোধিত এবং ২০১৭-২০১৮ সালের প্রাক্কলিত বরাদ্দ চাহিদা বোর্ডের অনুমোদনের জন্য সংযুক্ত ছকে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণপূর্বক ৩১ জানুয়ারী, ২০১৭খ্রীঃ তারিখের মধ্যে অবশ্যই প্রেরণ করিতে হইবে। কোন অবলুপ্ত অফিসের বিপরীতে বরাদ্দ চাহিদা প্রস্তাব করা যাইবে না। অবলুপ্ত অফিসসমূহ যে অফিসের সহিত সংযুক্ত হইয়াছে ঐ সকল দপ্তরের সহিত পদায়িত না হইয়া থাকিলে রিটেনশন কর্মকর্তা/কর্মচারী হিসাবে তাহাদের বাজেট প্রস্তাব প্রেরণ করিতে হইবে।

১। অনুমোদিত সেট-আপ অনুসারে পদায়িত কর্মকর্তা/কর্মচারীদের পৃথক পৃথক নোমিন্যাল রোলস সহ সংযুক্ত ছকের প্রথম পাতার উপরের অংশে উল্লেখিত ঘর সমূহের তথ্যাবলী, স্ব স্ব দপ্তর কর্তৃক প্রাক্কলিত চাহিদার আয় ও ব্যয় সংক্রান্ত তথ্যাবলী (সংযুক্ত ছকের ক এবং খ অংশ) ৮"/১" X ১৪"/১" সাইজের কাগজে মুদ্রণ করিয়া ২(দুই) ফর্দে প্রেরণ করিতে হইবে। Legal Size (Sutonny MJ Font-10) Excel Sheet-এর মাধ্যমে (CD) তে প্রেরণ করিতে হইবে। সংযুক্ত ছকের কোন অংশ পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না। সংযুক্ত ছকের কলাম ১১ এবং ১২ অর্থ পরিদপ্তর কর্তৃক পূরণীয় অংশ পূরণ করা যাইবে না। রিটেনশনসহ বিদ্যমান মোট কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যার সমষ্টি পুরুষ এবং মহিলার সংখ্যার সমষ্টির সমান থাকিতে হইবে। অর্থ পরিদপ্তর কর্তৃক ০৭-১২-২০১৬ খ্রীঃ তারিখের চাহিদার প্রেক্ষিতে প্রেরিত নোমিন্যাল রোল এর উল্লেখিত পরিমাণ অর্থ সংশ্লিষ্ট খাত সমূহ চাহিদা হিসাবে দেখাতে হবে। কোন পরিবর্তন হলে পৃথক কাগজে তার ব্যাখ্যাসহ যৌক্তিক প্রদান করতে হবে।

২। অনিয়মিত শ্রমিক, চুক্তিভিত্তিক কর্মচারী ও চুক্তিভিত্তিক নিরাপত্তা প্রহরী (আনসার)(যেক্ষেত্রে যাহা প্রযোজ্য) এর জন্য সরকার তথা বোর্ডের অনুমোদনপত্র এবং নিয়োগপত্রের সত্যায়িত কপি এবং আলাদা আলাদা নোমিন্যাল রোলস সহ সংযুক্ত ছকের অর্থনৈতিক কোড “৪৮৫১ ও ৪৮৮১” খাতের বিপরীতে ২০১৬-২০১৭ সালের সংশোধিত এবং ২০১৭-২০১৮ সালের আগাম কলামে চাহিদা দেখাইতে হইবে। একই সাথে সংযুক্ত ছকের প্রথম পাতার উপরের অংশে উল্লেখিত ঘরে চুক্তিভিত্তিক কর্মচারী ও আনহারদের সংখ্যা উল্লেখ করিতে হইবে।

৩। সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগে ব্যবহৃত স্থল যানবাহন ও নৌ যানবাহনের ধরণ (স্থল যানবাহনের ক্ষেত্রে বাস/ট্রাক/কার, জীপ, মাইক্রোবাস এবং নৌ-যানবাহনের ক্ষেত্রে স্পীডবোট, ট্রলার ইত্যাদি) ও নম্বর উল্লেখপূর্বক পৃথক ১ (এক) টি তালিকা এবং সংযুক্ত ছকের প্রথম পাতায় উল্লেখিত সংশ্লিষ্ট ঘরে সংখ্যাগত তথ্য উল্লেখ করিতে হইবে।

৪। (ক) সংযুক্ত ছকের অর্থনৈতিক কোড “৪৮০৬ ভাড়া-অফিস” খাতে বাড়ী ভাড়া ও গাড়ী ভাড়া সংক্রান্ত (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য) বরাদ্দ চাহিদার স্বপক্ষে বোর্ডের সর্বশেষ অনুমোদনপত্র ও সম্পাদিত চুক্তিপত্রের সত্যায়িত কপি অবশ্যই প্রেরণ করিতে হইবে। উল্লেখ্য যে, অনুমোদনপত্র ও চুক্তিপত্রের কপি সংযোজন করা না হইলে বরাদ্দ চাহিদা বিবেচিত হইবে না।

(খ) বোর্ডের বাসায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বিপরীতে বাড়ী ভাড়া বাবদ বরাদ্দ চাহিদা প্রস্তাব করা যাইবে না।

(গ) টেলিফোন, বিদ্যুৎ, পানি এবং গ্যাস ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ মিতব্যয়িতা অবলম্বন করিতে হইবে এবং এ সকল খাতে সরকারী প্রতিষ্ঠানের কোন বিল বকেয়া রাখা যাইবে না।

(ঘ) বোর্ডের বাসায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের এবং বিভিন্ন দপ্তর/পরিদপ্তর/বিভাগ অঙ্গণে অবস্থিত অবৈধ স্থাপনা, দোকান-পাট (যদি থাকে) এর বিপরীতে বিদ্যুৎ, পানি, পয়ঃ কর ইত্যাদি বোর্ড কর্তৃক পরিশোধযোগ্য নহে বিধায় এই খাতে বরাদ্দ চাহিদা প্রস্তাব করা যাইবে না।

(ঙ) যে সকল দপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্প রহিয়াছে, সেই সকল দপ্তরের জন্য জ্বালানী খাতে বরাদ্দ প্রস্তাব করা যাইবে না। সংযুক্ত ছকের প্রথম পাতায় উল্লেখিত প্রকল্প সংক্রান্ত তথ্যাবলী যথাযথভাবে পূরণ করিতে হইবে।

(চ) সংযুক্ত ছকে ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ অর্থ বৎসরের প্রকৃত আয়/ব্যয় এবং বর্তমান অর্থ বৎসরের ৩১-১২-২০১৬ খ্রীঃ পর্যন্ত উল্লেখিত আয়/ব্যয়ের স্বপক্ষে ব্যাক কর্তৃক সরবরাহকৃত এনেক্সার-ডি- সংযুক্ত করিতে হইবে।

(ছ) অর্থনৈতিক কোড ৪৭০৯-শাস্তি বিনোদন ও ৪৫০১-এ এবং ৪৬০১-এ ছুটি নগদীকরণ (এলপিআর ভোগরত কর্মকর্তা/কর্মচারী) সংশ্লিষ্ট অর্থ বৎসরসমূহে (২০১৬-২০১৭ সংশোধিত এবং ২০১৭-২০১৮ আগাম)যে সকল কর্মকর্তা/কর্মচারী পিআরএল এ গমন করিবেন তাহাদের পরিত্যক্ত ছুটির অর্থের সম্ভাব্য পরিমাণ উল্লেখ পূর্বক একটি তালিকা সংযুক্ত করিতে হইবে।

চলমান পাতা - ২

৫। সংযুক্ত ছকের অর্থনৈতিক কোড “৪৮১৬-টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার এবং ৪৮১৭-ট্যালোগ্রাফ/ফ্যাক্স খাতে” বরাদ্দ চাহিদার স্বপক্ষে সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগের বোর্ড কর্তৃক বরাদ্দকৃত ফ্যাক্স মেশিন, দাপ্তরিক ও আবাসিক টেলিফোনের নম্বর ও ধরণ (এসটিডি/নন-এসটিডি) উল্লেখপূর্বক ১(এক)টি তালিকা পেশ করিতে হইবে। তাছাড়া ছকের প্রথম পাতায় উপরের অংশে উল্লেখিত সংশ্লিষ্ট ঘরে এতদসংক্রান্ত সংখ্যাগত তথ্য উল্লেখ করিতে হইবে। টেলিফোন খাতে স্মারক নং-১৪৮-পাউবো(সচি)/অহিনি-২ তাং ২৪/৮/২০০২ এর নির্দেশ অনুযায়ী প্রাপ্য কল সীমা মোতাবেক চাহিদা প্রেরণ করিতে হইবে। একই সাথে কম্পিউটার, পেন্টিয়াম-১, ২ ইত্যাদি মডেলসহ প্রিন্টার সংক্রান্ত তথ্য এবং যানবাহন সংক্রান্ত তথ্য পৃথক কাগজে (সিটে) প্রেরণ করিতে হইবে।

৬। পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান বরাদ্দ ও তহবিল ঘাটতির প্রেক্ষিতে সরকার ও বোর্ড কর্তৃক সর্বশেষ জারীকৃত ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধনের নীতিমালা কঠোরভাবে প্রতিপালনপূর্বক ইউনিফর্ম, অতিরিক্ত কাজের ভাতা (OTA), পেট্রোল ও লুব্রিকেন্ট, স্টেশনারী, সীল ও স্ট্যাম্পস্, অন্যান্য ব্যয় ইত্যাদি খাতসহ সকল খাতের বরাদ্দ চাহিদা প্রস্তুত করিতে হইবে।

৭। বিশেষভাবে উল্লেখ্য যে, বরাদ্দবিহীন অথবা অতিরিক্ত খরচ করা আর্থিক শৃংখলার পরিপন্থী। সুতরাং কোন উপ-খাত বা বিভাগের খাতে বরাদ্দের অতিরিক্ত খরচ অপরিহার্য হইলে বোর্ডের পূর্ব অনুমতি গ্রহণ করিতে হইবে।

৮। সংযুক্ত ছকের ১ম পৃষ্ঠার উপরিভাগে উল্লেখিত বিভিন্ন বিষয়ের চাহিদাকৃত তথ্যাবলী প্রকৃত তথ্যের ভিত্তিতে অবশ্যই সরবরাহ করিতে হইবে। সকল তথ্য প্রেরিত নোমিন্যাল রোলস্ এবং অন্যান্য তালিকার তথ্যের সহিত অবশ্যই সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

৯। পূরণকৃত বাজেটসহ সকল তথ্যের কম্পিউটার সফট কপি CD নিম্নের E-mail ঠিকানায় (১)
<marahman.bwdb@gmail.com> (২) <zaynal.bwdb@gmail.com> এর মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

১০। জাতীয় বেতন স্কেল/২০১৫ এর এস আর ও নং ৩৭০-আইন/২০১৫-Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 অনুস্মরণ করতঃ বেতন ও ভাতাদিসহ অন্যান্য সকল খাতের চাহিদা তৈরী করিতে হবে।

বর্নিত অবস্থায় স্ব স্ব দপ্তর/পরিদপ্তর/বিভাগের বাস্তব ভিত্তিক বাজেট প্রণয়নের স্বার্থে প্রাক্কলিত চাহিদা উপরে উল্লেখিত তারিখের মধ্যে অর্থাৎ ৩১ জানুয়ারী, ২০১৭ খ্রীঃ তারিখের মধ্যে অর্থ পরিদপ্তরে প্রেরণের নিমিত্ত যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য আদিশ মতে অনুরোধ করা যাইতেছে।

সংযোজনঃ- বর্ণিত ছক - ১ (এক) সেট।

স্বাক্ষরিত/-
(মোঃ ছানাদুল হক, এফসিএমএ)
পরিচালক, অর্থ।

নং-পাউবো (অর্থ)রাবাত/১৭৩/১(২৪০)

তারিখঃ- ২৮-১২-২০১৬খ্রীঃ

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রঃ প্রকৌঃ/প্রধান/নিয়ন্ত্রক(অর্থ ও হিসাব)/প্রকল্প পরিচালক,
- ২। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিবিল, ঢাকা।
- ৩। পরিচালক/উপ-প্রকল্প পরিচালক/তত্ত্বাঃ প্রকৌঃ,
- ৪। সকল দপ্তর/বিভাগীয় প্রধান, *১৭৩/১(২৪০) নং, রাবাত, পাউবো, ঢাকা।*
- ৫। সি, এস, ও টু মহা-পরিচালক, পাউবো, ঢাকা।
- ৬। পি, এ, টু অতিঃ মহা-পরিচালক (অর্থ), পাউবো, ঢাকা।

B-14

জারী নং ৪২৩৮	তারিখঃ ০৮/০১/১৭
পরিচালক এনোঃ	১. অর্থ/অতিঃ
পরিচালক (অর্থনৈতিক)	২. উপ-পরিচালক
সহকারী প্রকৌশলী	৩. প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলী-১/২/৩/৪	৪. প্রকৌশলী
উপ-পরিচালক (প্রশাসন)	৫. অতিঃ পেশ কর্মকর্তা
সিস্টেম এনালিস্ট	৬. অতিঃ পেশ কর্মকর্তা
সহকারী পরিচালক	৭. অতিঃ পেশ কর্মকর্তা

টাক মাসিক
রাপাউবো, ঢাকা।

২৮/১২/২০১৬
(মোঃ আনিছুর রহমান)
উপ-পরিচালক, অর্থ (রাবাত)
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২৬৮৬
প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
সিস্টেম এনালিস্ট- ১/২
নথীভুক্ত
তারিখঃ ২/০১/১৭
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিঃ
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাপিদ পত্র দিন
নথীভুক্ত
৩১/১২/১৬
নথীভুক্ত
৩১/১২/১৬